গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯৭/২০১৯-২০২০

ঢাকা, ৫ নভেম্বর মঙ্গলবার ২০১৯, ২০ কার্তিক ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। রাষ্ট্রপতির কাছে তিন দেশের রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ
২। প্রধানমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংক প্রতিনিধিদলের সাক্ষাৎ :
বাংলাদেশের উন্নয়নে বিশ্ব ব্যাংকের সহায়তা অব্যাহত থাকবে
৩। আইসিটি খাতের উন্নয়নে তিনটি আন্তর্জাতিক সম্মাননা গ্রহণ করলেন প্রধানমন্ত্রী
৪। মানবসম্পদ উন্নয়ন তহবিল নীতিমালার খসড়া অনুমোদন মন্ত্রিসভায়
৫। মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭৫ দশমিক ৭৮ শতাংশ
৬। ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুলের ছাত্র নাইমুলের মৃত্যুতে
সুষ্ঠু তদন্ত করে দোষীদের শাস্তির ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রীর নির্দেশ
৭। শিশু পরিবার সদস্যদের ল্যাপটপ ও সেলাই মেশিন উপহার দিলেন প্রধানমন্ত্রী
৮। বঙ্গবন্ধুর ভাষণ নিয়ে গবেষণা দরকার : স্পিকার
৯। ঢাকা সিটি করপোরেশনের সাবেক মেয়র সাদেক হোসেন খোকার ইন্তেকাল
১০। বিএনপি নেতা খোকার মরদেহ আনতে সরকার সহায়তা দেবে : শোক প্রকাশকালে সেতুমন্ত্রী
১১। বিএনপি নেতা সাদেক হোসেন খোকার মৃত্যুতে তথ্যমন্ত্রীর শোক প্রকাশ
১২। রাজনৈতিক এজেন্ডা না থাকায় স্বল্পসুদে ঋণ দিতে পারছে জাপান : অর্থমন্ত্রী
১৩। উদীয়মান শিল্পখাতে বিনিয়োগ বাড়ছে ইউনিডোর : আবুধাবিতে সাধারণ সম্মেলনে শিল্পমন্ত্রী
১৪। শিল্পমন্ত্রীর সঙ্গে আমিরাতের শিল্পমন্ত্রীর বৈঠক : বাংলাদেশে বিনিয়োগের আহ্বান
১৫। স্বাস্থ্যখাতে ভারত থেকে এগিয়ে আছে বাংলাদেশ : স্বাস্থ্যমন্ত্রী
১৬। আগামী দশদিনের মধ্যে পেঁয়াজের দাম স্বাভাবিক হবে : বাণিজ্যমন্ত্রীর আশাবাদ

১। **রাষ্ট্রপতির কাছে তিন দেশের রাষ্ট্রদূতের পরিচয়পত্র পেশ**

বাংলাদেশে সদ্য নিযুক্ত তিন দেশের রাষ্ট্রদূত গতকাল (৪ নভেম্বর সোমবার) বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে তাদের পরিচয়পত্র পেশ করেছেন। তিনজন অনাবাসিক রাষ্ট্রদূত হলেন-বুলগেরিয়ার ইলেওনোরা ডিমিট্রোভা, ভেনিজুয়েলার করোমটো গডয় কালডিরন এবং চিলির জুয়ান রোলান্ডো আংলো মনসাল্ভ। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ রাষ্ট্রদূতদের স্বাগত জানিয়ে বলেন, বাণিজ্য, বিনিয়োগ এবং পর্যটন খাতে বাংলাদেশে যথেষ্ট সম্ভাবনা রয়েছে। তিনি বাণিজ্য ও বিনিয়োগ সম্প্রসারণে বিদ্যমান এ সম্ভাবনা কাজে লাগানোর ওপর গুরুত্বারোপ করেন। রাষ্ট্রপতি তিন রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠকে বাংলাদেশে তাঁদের দায়িত্ব পালনকালে আগামী দিনগুলোতে ঢাকার সঙ্গে এ তিন দেশের দ্বিপক্ষীয় সম্পর্ক আরও জোরদার হবে বলে আশা প্রকাশ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৮), **ডেইলি সান** (পৃ.২,ক.৫)।

২। **প্রধানমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংক প্রতিনিধিদলের সাক্ষাৎ :**
**বাংলাদেশের উন্নয়নে বিশ্ব ব্যাংকের সহায়তা অব্যাহত থাকবে**

বাংলাদেশের উন্নয়নে সহযোগিতা অব্যাহত রাখার কথা জানিয়েছে বিশ্বব্যাংক। পাশাপাশি রোহিঙ্গাদের প্রত্যাবর্তনেও তারা সহযোগিতা করবে। গতকাল (৪ নভেম্বর সোমবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করে একথা জানান বিশ্বব্যাংক গ্রুপের নির্বাহী পরিচালকরা। প্রধানমন্ত্রীর প্রেস সচিব সাংবাদিকদের বলেন, বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালকরা বাংলাদেশের অবিশ্বাস্য উন্নয়ন এবং এ উন্নয়নে বেসরকারি খাতকে সম্পৃক্ত করার প্রশংসা করেছেন। তাঁরা বলেছেন, উন্নয়নের সব সূচকে দক্ষিণ এশিয়ার অনেক দেশের চেয়ে বাংলাদেশ এগিয়ে আছে। বাংলাদেশে বিশ্বব্যাংকের উন্নয়ন প্রকল্পগুলো সুন্দরভাবে বাস্তবায়িত হচ্ছে বলেও তাঁরা মন্তব্য করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৭, ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৬)।

৩। **আইসিটি খাতের উন্নয়নে তিনটি আন্তর্জাতিক সম্মাননা গ্রহণ করলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তিনটি আন্তর্জাতিক সম্মাননা গ্রহণ করেছেন। আইসিটি খাতে বাংলাদেশের অসামান্য সাফল্যের স্বীকৃতিস্বরূপ আন্তর্জাতিক সংস্থাগুলো তাঁকে এ সম্মাননা দিয়েছে। এগুলো হচ্ছে-ডব্লিউআইটি এসএ গ্লোবাল আইসিটি এক্সিলেন্স অ্যাওয়ার্ড-২০১৯, ডিসিডি এপিএসি অ্যাওয়ার্ড-২০১৯ ও গোভইনসাইডার ইনোভেশন অ্যাওয়ার্ড-২০১৯। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক ও মন্ত্রণালয়ের জ্যেষ্ঠ সচিব এনএম জিয়াউল আলম গতকাল (৪ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে নিয়মিত মন্ত্রিসভা বৈঠকের আগে পুরস্কারগুলো হস্তান্তর করেন। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.১)।

৪। **মানবসম্পদ উন্নয়ন তহবিল নীতিমালার খসড়া অনুমোদন মন্ত্রিসভায়**

দেশের বিপুলসংখ্যক মানুষকে দক্ষ জনশক্তিতে রূপান্তরের প্রক্রিয়াকে ত্বরান্বিত করতে ‘জাতীয় মানবসম্পদ উন্নয়ন তহবিল ব্যবহার নীতিমালা-২০১৯’-এর খসড়ার অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (৪ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **যুগান্তর** (শেষ পৃ,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

৫। **মন্ত্রিসভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭৫ দশমিক ৭৮ শতাংশ**

সরকারের পুরো সময়ে মন্ত্রিসভায় নেওয়া সিদ্ধান্ত বাস্তবায়নের হার ৭৫ দশমিক ৭৮ শতাংশ। এর মধ্যে চলতি বছরের তৃতীয় ত্রৈমাসিকে (জুলাই-সেপ্টেম্বর) এ হার ছিল ৫৮ দশমিক ৪৯ শতাংশ। মন্ত্রিসভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদনে এ তথ্য উল্লেখ করা হয়েছে। গতকাল (৪ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ প্রতিবেদন উপস্থাপন করা হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১, ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.৫)।

৬। **ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুলের ছাত্র নাইমুলের মৃত্যুতে**
**সুষ্ঠু তদন্ত করে দোষীদের শাস্তির ব্যবস্থা নিতে প্রধানমন্ত্রীর নির্দেশ**

ঢাকা রেসিডেনসিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির ছাত্র নাইমুল আবরারের মৃত্যুর বিষয়ে বিশদ তথ্য জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। গতকাল (৪ নভেম্বর সোমবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিষয়টি উত্থাপন করে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামালের কাছে জানতে চান। মন্ত্রী জানান, ঘটনার পরিপ্রেক্ষিতে থানায় একটি ইউডি মামলা হয়েছে এবং তদন্ত করে রিপোর্ট দেওয়ার জন্য ডিসি তেজগাঁ জোনকে নির্দেশ দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী সুষ্ঠু তদন্তের মাধ্যমে দোষীদের শাস্তির ব্যবস্থা নিশ্চিত করতে নির্দেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সমকাল** (পৃ.১৭,ক.৬)।

৭। **শিশু পরিবার সদস্যদের ল্যাপটপ ও সেলাই মেশিন উপহার দিলেন প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (৪ নভেম্বর সোমবার) গণভবনে ঢাকার সরকারি শিশুপরিবারের শিশুদের ১০টি ল্যাপটপ ও ২০টি সেলাই মেশিন উপহার দিয়েছেন। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর হাত থেকে ল্যাপটপ পেয়ে তেজগাঁওয়ের শহীদ মনু মিয়া সরকারি উচ্চ বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির শিক্ষার্থী বৃষ্টি আক্তার জাতির পিতার ভাষণ নিজ কণ্ঠে প্রধানমন্ত্রীকে শোনায়। ভাষণ শুনে বঙ্গবন্ধুকন্যা বৃষ্টিকে জড়িয়ে ধরে আদর করেন। অনুষ্ঠানে মহিলা ও শিশুবিষয়ক প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক উপস্থিত ছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১)।

**৮। বঙ্গবন্ধুর ভাষণ নিয়ে গবেষণা দরকার : স্পিকার**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালিদের মুক্তি ও অধিকার আদায়ের জন্য ২৩ বছর অনেক ভাষণ দিয়েছেন। নতুন প্রজন্মের কাছে বঙ্গবন্ধুর বাঙালি জাতীয়তাবোধ পৌঁছে দিতে এসব ভাষণ নিয়ে গবেষণা করা দরকার বলে উল্লেখ করেছেন স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (৪ নভেম্বর সোমবার) বাংলাদেশ সুপ্রিমকোর্ট বার মিলনায়তনে ঘাতক দালাল নির্মূল কমিটির আইন সহায়ক কমিটি আয়োজিত আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪)।

**৯। ঢাকা সিটি করপোরেশনের সাবেক মেয়র সাদেক হোসেন খোকার ইন্তেকাল**

ঢাকা সিটি করপোরেশনের সাবেক মেয়র ও বিএনপির ভাইস চেয়ারম্যান সাদেক হোসেন খোকা নিউইয়র্কের ম্যানহাটনের বিশেষায়িত হাসপাতাল মেমোরিয়াল স্লোয়ান ক্যাটারিং ক্যান্সার সেন্টারে বাংলাদেশ সময় গতকাল (৪ নভেম্বর সোমবার) দুপুর ১টা ৫০ মিনিট ইন্তেকাল করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৭ বছর। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**১০। বিএনপি নেতা খোকার মরদেহ আনতে সরকার সহায়তা দেবে : শোক প্রকাশকালে সেতুমন্ত্রী**

বিএনপি নেতা সাদেক হোসেন খোকার মরদেহ দেশে আনার ক্ষেত্রে সরকার সব ধরনের সহায়তা করবে বলে জানিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (৪ নভেম্বর সোমবার) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে কৃষক লীগের সম্মেলনের প্রস্তুতি পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সেতুমন্ত্রী বলেন, তাঁর মৃত্যুতে আমি গভীর শোক প্রকাশ করছি এবং শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি সমবেদনা জ্ঞাপন করছি। সূত্র-**সমকাল** (পৃ.৩, ক.৫), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**১১। বিএনপি নেতা সাদেক হোসেন খোকার মৃত্যুতে তথ্যমন্ত্রীর শোক প্রকাশ**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, ঢাকার সাবেক মেয়র বিএনপি নেতা সাদেক হোসেন খোকার লাশ দেশে আনতে সরকার সর্বাত্মক সহযোগিতা করবে। গতকাল (৪ নভেম্বর সোমবার) সচিবালয়ে সাংবাদিকদের তিনি আরো বলেন, তাঁর মৃত্যুতে আমি গভীর শোক প্রকাশ করছি, এবং বিদেহী আত্মার শান্তি ও মাগফিরাত কামনা করছি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **সমকাল** (পৃ.২,ক.১)।

**১২। রাজনৈতিক এজেন্ডা না থাকায় স্বল্পসুদে ঋণ দিতে পারছে জাপান : অর্থমন্ত্রী**

জাপানের কোনো রাজনৈতিক এজেন্ডা না থাকায় দেশটি অবকাঠামো উন্নয়নে সহজশর্তে স্বল্পসুদের ঋণ দিতে পারছে বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (৪ নভেম্বর সোমবার) শেরেবাংলানগরে অর্থমন্ত্রীর নিজ কার্যালয়ে জাপানের রাষ্ট্রদূত নাওকি ইতোর সৌজন্য সাক্ষাতে তিনি এসব কথা বলেন। এ সময় রাষ্ট্রদূত বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে সহজশর্তে ঋণ দেয়ার কথা জানান। সূত্র-**ইত্তেফাক (পৃ.২,ক.১), সংবাদ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১) ।

**১৩। উদীয়মান শিল্পখাতে বিনিয়োগ বাড়ছে ইউনিডোর : আবুধাবিতে সাধারণ সম্মেলনে শিল্পমন্ত্রী**

দেশি-বিদেশি বিনিয়োগ বাড়াতে সরকারের নেওয়া নানামুখী উদ্যোগের ফলে দেশে উদীয়মান শিল্পখাতে বিনিয়োগ বাড়ছে বলে মন্তব্য করেছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, বিশ্বের অনেক দেশের কাছে বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। গতকাল (৪ নভেম্বর সোমবার) আবুধাবির এমিরেট্স প্যালেস হোটেলে জাতিসংঘ শিল্প উন্নয়ন সংস্থার (ইউনিডো) ১৮তম সাধারণ সম্মেলনে বক্তৃতাকালে শিল্পমন্ত্রী এ মন্তব্য করেন। শিল্প মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়। শিল্পমন্ত্রী বলেন, বিদেশি বিনিয়োগ আকর্ষণে সরকার পরিকল্পিত শিল্পনগর, রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল, অর্থনৈতিক জোন, হাইটেক পার্কসহ বিভিন্ন ধরনের অবকাঠামো গড়ে তুলছে। বর্তমানে বাংলাদেশে আটটি রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় শতভাগ রপ্তানিমুখী শিল্পের উৎপাদন অব্যাহত রয়েছে। অন্তর্ভুক্তিমূলক শিল্পায়নের লক্ষ্যে এর পাশাপাশি ১০০টি অর্থনৈতিক অঞ্চল গড়ে তোলা হচ্ছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.১)।

**১৪। শিল্পমন্ত্রীর সঙ্গে আমিরাতের শিল্পমন্ত্রীর বৈঠক : বাংলাদেশে বিনিয়োগের আহ্বান**

শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন সংযুক্ত আরব আমিরাতের জ্বালানি ও শিল্পমন্ত্রী প্রকৌশলী সুহাইল আল মাজরুইয়ের সঙ্গে আবুধাবির এমিরেটস প্যালেস হোটেলে বৈঠক করেন। বৈঠকে বাংলাদেশ ও সংযুক্ত আরব আমিরাতের মধ্যে দ্বিপাক্ষিক সহায়তার বিভিন্ন দিক নিয়ে আলোচনা হয়। এ সময় শিল্পমন্ত্রী বলেন, কৃষিনির্ভর বাংলাদেশে সারের ব্যাপক চাহিদা রয়েছে। সংযুক্ত আরব আমিরাত বাংলাদেশে ইউরিয়া সার কারখানা স্থাপনে এগিয়ে আসতে পারে। এছাড়া বাংলাদেশে জাহাজ নির্মাণ, হালকা প্রকৌশল শিল্প, ইলেক্ট্রনিক, আইসিটিসহ উদীয়মান শিল্পখাতে বিনিয়োগের জন্য সংযুক্ত আরব আমিরাতের মন্ত্রীর প্রতি আহ্বান জানান। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.২)।

**১৫। স্বাস্থ্যখাতে ভারত থেকে এগিয়ে আছে বাংলাদেশ : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রী জাহিদ মালেক বলেছেন, স্বাস্থ্যখাতে সেবার মানের দিক থেকে বাংলাদেশ অন্য অনেক দেশের চেয়ে এগিয়ে আছে। এর পেছনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার অবদান আজ বিশ্বস্বীকৃত। এ কারণেই তিনি ভ্যাকসিন হিরো পুরস্কারসহ নানা পুরস্কার অর্জন করেছেন। গতকাল (৪ নভেম্বর সোমবার) রাজধানীর প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে স্বাস্থ্য অধিদফতর আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৮)।

**১৬। আগামী দশদিনের মধ্যে পেঁয়াজের দাম স্বাভাবিক হবে : বাণিজ্যমন্ত্রীর আশাবাদ**

আগামী দশ দিনের মধ্যে পেঁয়াজের দাম স্বাভাবিক হয়ে আসবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। তিনি বলেন, ইতোমধ্যে বাজারে কেজি প্রতি ১০ টাকা দাম কমে গেছে। এছাড়া মিসর ও তুরস্কের ৫০ হাজার মেট্রিক টনের বড় চালানটি আগামী ১০-১৫ নভেম্বরের মধ্যে দেশে আসার কথা রয়েছে। গতকাল (৪ নভেম্বর সোমবার) সচিবালয়ে সাংবাদিকদের পেঁয়াজ সংক্রান্ত এক প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **বণিক বার্তা** (শেষ পৃ,ক.৮)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, সমকাল :** দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের ২৯টিতে প্রো-ভিসি ও ২৮টিতে ট্রেজারার না থাকার বিষয় তুলে ধরে গুরুত্বপূর্ণ এসব শূন্য পদে নিয়োগের ব্যবস্থা করার প্রত্যাশা।

খ. **সংবাদ :** প্রবাসে বাংলাদেশি নাগরিকদের মৃত্যুর কারণ যাচায়ে স্থায়ী সেল গঠন করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** ওষুধের গুণগতমান বজায় রাখার জন্য ওষুধ প্রশাসনকে আরও সক্রিয় হওয়াসহ দেশেই ওষুধ শিল্পের কাঁচামাল উৎপাদনের ব্যবস্থা করার আহ্বান।

ঘ. **যায়যায়দিন :** ভূমধ্যসাগর থেকে **১৭১** বাংলাদেশি উদ্ধারের ঘটনা তুলে ধরে এ ধরনের অনাকাঙ্খিত ঘটনা রোধে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ ও তার সুষ্ঠু বাস্তবায়ন নিশ্চিত করার সুপারিশ।

ঙ. **ডেইলি সান :** নতুন সড়ক পরিবহণ আইন কার্যকর হওয়ার প্রেক্ষিতে তেজগাঁওয়ের বিআরটিসি ট্রেনিং ইন্সটিটিউটকে দুর্নীতিমুক্ত করে জনকল্যাণমুখী করার সুপারিশ।

চ. **নিউজ টুডে :** মিরপুরে গ্যাস বেলুন সিলিন্ডার বিস্ফোরণে হতাহতের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে গ্যাস বেলুন বিক্রি নিষিদ্ধ করার আহ্বান।

ছ. **নিউ এজ :** নারায়ণগঞ্জের বাবুরাইল এলাকায় তিনতলা ভবন ধসে পড়ায় হতাহতের ঘটনা তুলে ধরে ভবন নির্মাণে বিল্ডিং সেফটি স্ট্যান্ডার্ড কঠোরভাবে মেনে চলতে সরকারকে যথাযথ পদক্ষেপ গ্রহণের সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, শিক্ষাঙ্গন থেকে র‌্যাগিং ও বুলিং এর মতো অনাচার নির্মূল হয়ে শিক্ষাঙ্গন হবে জ্ঞানচর্চার স্থান।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'বর্জ্য ব্যবস্থাপনার আধুনিকীকরণ'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পরিবেশ সুরক্ষার লক্ষ্যে বর্জ্য ব্যবস্থাপনাকে আধুনিক ও বিজ্ঞানসম্মত করে তোলার বিকল্প নেই।

#

ডালিয়া/মরজিনা/সেলিনাা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা